গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
রাজস্ব (এসএ) শাখা

বিষয়: আন্তঃজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | জাকারিয়া<br>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট |
| সভার তারিখ | ১৩/০৪/২০২৩ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি কর্তৃক উপস্থিত আন্তঃজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি কর্তৃক আন্তঃজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব, রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার-কে সভার আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। সদস্য-সচিব নিম্নবর্ণিতভাবে সভার আলোচ্য বিষয়াদি উপস্থাপন করেন।

**জলমহালের নাম: বড় হাওর গ্রুপ (বদ্ধ) [আন্তঃজেলা জলমহাল]**

০১) জেলা ও উপজেলার নাম: মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর উপজেলা ও হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলা।

০২) মৌজার নাম: মৌলভীবাজার সদর উপজেলাধীন খলিলপুর/২০, সাধুহাটি/২১, চিন্তামনি/৫৫, পদিনাপুর/৫৬ এবং নবীগঞ্জ উপজেলাধীন ভরারী/১৩১।

০৩) আয়তন: ২৪৮.৪১ একর (মৌলভীবাজার অংশ-১৯১.৭৯ একর এবং হবিগঞ্জ অংশ-৫৬.৬২ একর)

০৪) বিগত ০৩(তিন) বছরের গড় ইজারামূল্য: ২২,৭৭,৭৩৫/-

০৫) ৫% বর্ধিত হারে ধার্যকৃত সরকারি ইজারামূল্য: ২৩,৯১,৬২২/-

০৬) অংশগ্রহণকারী মৎস্যজীবী সমবায় সমিতির তথ্য: ২৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ (০৮/০২/২০২৩খ্রি.) তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনের প্রিন্ট কপি ০৯/০২/২০২৩ হতে ১৩/০২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ প্রাপ্ত।

| ক্র.নং | আবেদনকারী সমিতির নাম এবং অনলাইনে আবেদনের ক্রমিক নং | জলমহাল হতে সমিতির দূরত্ব | সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী কিনা | প্রস্তাবিত মূল্য এবং উদ্ধৃত জামানতের পরিমাণ | অনলাইনে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত না থাকলে তার বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মোঃ হাবিবুর রহমান সভাপতি আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড সাং-গয়ঘর ডাক- কামালপুর বাজার উপজেলা- মৌলভীবাজার সদর আবেদনের ক্রমিক নং-১৪২০১ | একক আবেদন | হ্যাঁ | ২৩,৯১,৬২২/- জামানত-৪,৮০,০০০/- | - | - |

সভায় জানানো হয়, ভূমি মন্ত্রণালয়ের ১৮/১২/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৪৮নং স্মারকের নির্দেশনার পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখা হতে ১৬/০১/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৪৮নং স্মারকে আবেদন আহবান বিজ্ঞপ্তি নং-০৫/১৪২৯ জারি করা হয়। উক্ত বিজ্ঞপ্তিতে ১৪৩০ বঙ্গাব্দ দখল প্রদানের তারিখ হতে ১৪৩২ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত অর্থাৎ আগামী ১৪৩০-১৪৩২ বাংলা মেয়াদের জন্য জলমহাল ইজারা প্রদানের জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়। ২৫ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ (০৮/০২/২০২৩খ্রি.) তারিখ উল্লিখিত মৎস্যজীবী সমিতি অনলাইনে আবেদন দাখিলের পর ১২/০২/২০২৩খ্রি. তারিখ দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখায় জমা প্রদান করে। প্রাপ্ত আবেদনটি যাচাই-বাছাইপূর্বক সুনির্দিষ্ট প্রতিবেদন ১৩ ফাল্গুন, ১৪২৯ (২৬ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ) বঙ্গাব্দের মধ্যে প্রেরণের জন্য জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার এর রাজস্ব শাখার ১৪/০২/২০২৩খ্রি. তারিখের ১৯৭নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর বরাবর প্রেরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর হতে ২৭/০২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ১৩৭/১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করা হয়। ২৭/০২/২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী সংযুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদনে উল্লেখ করা হয়, আলোচ্য জলমহালের জন্য একক আবেদন পাওয়া গেছে এবং দরপত্রে উদ্ধৃত মূল্য সরকারি ইজারামূল্যের সমপরিমাণ। জলমহালটি আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং- গয়ঘর, ডাক- কামালপুরবাজার, উপজেলা- মৌলভীবাজার সদর এর অনুকূলে ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে বিধি মোতাবেক ইজারা প্রদানের নিমিত্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য মৌলভীবাজার সদর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, মৌলভীবাজার সদর এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদন এবং উপরোক্ত একক সমিতির মূল আবেদন ২৮/০২/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত মৌলভীবাজার জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপিত হয়। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায়, জলমহালের সরকারি ইজারামূল্য ২৩,৯১,৬২২/- টাকা। একক আবেদনকারী আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতির প্রস্তাবিত ইজারামূল্য ২৩,৯১,৬২২/- টাকা। ২০% হিসেবে আবেদনকারী সমিতির উদ্ধৃত জামানত সঠিক রয়েছে। আবেদনকারী সমিতি/সমিতির সদস্যগণের নামে সার্টিফিকেট মামলা নেই। জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় জানানো হয়, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৬) অনুচ্ছেদে উল্লেখ রয়েছে যে, আন্তঃজেলা জলমহালের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের নির্দেশে তাঁর অধীনস্থ যে কোন অতিরিক্ত বিভাগীয় কমিশনার জেলা প্রশাসকের স্থলে কমিটির সভাপতি হবেন এবং সংশ্লিষ্ট জেলা

সমূহের জেলা প্রশাসকগণ জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য থাকবেন। উক্ত জলমহালের অবস্থান যে জেলায় অধিক হবে সে জেলার জেলা জলমহাল কমিটির সকলকে সদস্য এবং রেভিনিউ ডেপুটি কালেক্টরকে সদস্য সচিব করে বিভাগীয় কমিশনার আন্তঃজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন। এমতাবস্থায়, বর্ণিত জলমহালের বেশি অংশ মৌলভীবাজার জেলায় বিদ্যমান থাকায় মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর উপজেলা ও হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন আন্তঃজেলা "বড় হাওর গ্রুপ (বদ্ধ)" জলমহালটি সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৬) অনুচ্ছেদের আলোকে ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে সাধারণ আবেদনে ইজারা ও ব্যবস্থাপনার স্বার্থে একক আবেদনকারী সভাপতি, আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং- গয়ঘর, ডাক- কামালপুর বাজার, উপজেলা- মৌলভীবাজার সদর এর অনুকূলে ইজারা প্রদান বিষয়ে সমিতির অনলাইনে দাখিলকৃত আবেদন, মৌলভীবাজার সদর উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন এবং এ সংক্রান্ত তথ্যাদি আন্তঃজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনক্রমে সিদ্ধান্ত গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট বরাবর প্রেরণ করার জন্য মৌলভীবাজার জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

তৎপ্রেক্ষিতে সভায় আন্তঃজেলা "বড় হাওর গ্রুপ (বদ্ধ)" জলমহালটির বিপরীতে অনলাইনে একক আবেদনকারী আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং- গয়ঘর, ডাক- কামালপুর বাজার, উপজেলা- মৌলভীবাজার সদর, জেলা- মৌলভীবাজার কর্তৃক দাখিলকৃত আবেদন এবং ইজারা সংশ্লিষ্ট কাগজাদি উপস্থাপন করা হলে নিম্নবর্ণিত তথ্যাদি পাওয়া যায়:

(ক) বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায়, নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে বহুলভাবে প্রচারিত হয়েছে।

(খ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না। আবেদনকারী আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর নামে ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদে জেলা হতে শুধুমাত্র ০১(এক)টি জলমহাল {চাতল বিল (বদ্ধ)} ব্যতীত জেলা/উপজেলা পর্যায়ে অন্য কোনো জলমহাল ইজারাধীন নেই।

(গ) আবেদনকারী আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড ১০/১০/২০২১খ্রি. তারিখে জেলা সমবায় কার্যালয়ে নিবন্ধিত। সমিতির ২০২১-২২ ইংরেজি সনের অডিট রিপোর্ট রয়েছে।

(ঘ) আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর নামে জেলা/উপজেলা পর্যায়ে কোনো সার্টিফিকেট মোকদ্দমা বা সরকারি রাজস্ব পাওনা নেই।

(ঙ) আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড একটি কার্যকর সমিতি এবং জলমহাল ইজারায় অংশগ্রহণে যোগ্য মর্মে জেলা সমবায় অফিসার, মৌলভীবাজার এর ৩০/০১/২০২৩খ্রি. তারিখের প্রত্যয়নপত্র রয়েছে।

(চ) আলোচ্য জলমহালের বিপরীতে অনলাইনে একটিমাত্র সমিতির আবেদন থাকায় দূরত্ব নির্ণয়ের প্রয়োজন নেই।

(ছ) অনলাইনে একক আবেদনকারী আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড কর্তৃক প্রস্তাবিত ইজারামূল্য ২৩,৯১,৬২২/-(তেইশ লক্ষ একানব্বই হাজার ছয়শত বাইশ) টাকা যা সরকারি ইজারামূল্যের সমান।

(জ) ২০% হিসেবে আবেদনকারী সমিতির উদ্ধৃত জামানত সঠিক রয়েছে।

(ঝ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(১০) অনুচ্ছেদ অনুযায়ী আন্তঃজেলা জলমহাল বন্দোবস্তের প্রস্তাব বিভাগীয় কমিশনার অনুমোদন করবেন।

উল্লিখিত বিষয়াদি বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ০১) | অনলাইনে একক আবেদনকারী আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক দাখিলকৃত আবেদনটি সঠিক পাওয়ায় এবং উদ্ধৃত দর সরকারি মূল্যের সমান হওয়ায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(৬) অনুচ্ছেদের আলোকে ১৪৩০ বঙ্গাব্দে দখল প্রদানের তারিখ হতে ১৪৩২ বঙ্গাব্দের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য সরকারি ইজারামূল্য ২৩,৯১,৬২২/-(তেইশ লক্ষ একানব্বই হাজার ছয়শত বাইশ) টাকা রাজস্ব ও অন্যান্য করাদি প্রযোজ্য রেখে মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলাধীন আন্তঃজেলা "বড় হাওর গ্রুপ (বদ্ধ)" জলমহালটি সভাপতি, আশার আলো মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং- গয়ঘর, ডাক- কামালপুর বাজার, উপজেলা- মৌলভীবাজার সদর, জেলা- মৌলভীবাজার বরাবর ইজারা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং আন্তঃজেলা জলমহাল হওয়ায় ইজারা প্রস্তাব অনুমোদনের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট এর নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। তবে কোনো আদালতে এ জলমহাল নিয়ে রুজুকৃত মামলায় কোনো ধরনের নিবারণমূলক আদেশ থাকলে বর্ণিত সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্তের সিদ্ধান্ত আদালতের নিবারণমূলক আদেশ বহাল থাকা অবস্থায় কার্যকর হবে না। | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মৌলভীবাজার /রেভিনিউ ডেপুটি কালেক্টর, মৌলভীবাজার। |

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক আন্তঃজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জাকারিয়া
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৯.৩৪.০০১.২৩.৪

তারিখ: ৫ বৈশাখ ১৪৩০
১৮ এপ্রিল ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১) জনাব মোঃ শাহাব উদ্দিন, মাননীয় মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সদস্য, ২৩৫-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০১।

২) জনাব উপাধ্যক্ষ মোঃ আব্দুস শহীদ, মাননীয় সংসদ সদস্য, , ২৩৮-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০৪।

৩) জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৭-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০৩

৪) জনাব সুলতান মোহাম্মদ মনসুর আহমেদ, মাননীয় সংসদ সদস্য, ২৩৬-মৌলভীবাজার নির্বাচনী এলাকা-০২।

৫) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ

৮) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার

৯) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

১০) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার

১১) জেলা সমবায় কর্মকর্তা (রুটিন দায়িত্ব), জেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার

১২) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৌলভীবাজার

১৩) নির্বাহী প্রকৌশলী (পুর), নির্বাহী প্রকৌশলী এর দপ্তর , মৌলভীবাজার পানি উন্নয়ন বিভাগ

১৪) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার

১৫) সহকারী বন সংরক্ষক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

১৬) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

১৭) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, মৌলভীবাজার

১৮) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।

১৯) জনাব আব্দুল হাকিম, সদস্য, সুরমা মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং-পাঁচগাঁও, রাজনগর (মৎস্যজীবী সংগঠনের প্রতিনিধি)।

২০) জনাব গোপেশ সরকার, সভাপতি, হাজীপুর মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, সাং-কাদিপুর, মৌলভীবাজার (মৎস্যজীবী সংগঠনের প্রতিনিধি)।

২১) জনাব একলাছুর রহমান চৌধুরী, সভাপতি, জেলা কৃষক লীগ, মৌলভীবাজার (কৃষি সংগঠনের প্রতিনিধি)।

২২) বেগম রোকেয়া চৌধুরী, সাং- শমসেরনগর রোড, মৌলভীবাজার (নারী সংগঠনের প্রতিনিধি)।

সুকান্ত সাহা
রেভিনিউ ডেপুটি কালেক্টর